

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩০৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি ধারণা করে যে, এই হাদীসটি তারিক বিন শিহাব এককভাবে বর্ণনা করেছেন- তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن هَذَا الْخَبَرَ تَفَرَّدَ بِهِ طَارِقُ بْنُ شِهَابٍ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّقَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ وهنَّاد بْنُ السَّرِيِّ قَالَا: حَدَّقَنَا أَبُو مُعَاوِيَةَ قَالَ: حَدَّقَنَا الْأَعْمَشُ عَنْ إِسْمَاعِيلَ بْنِ رَجَاءٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي سَعِيدٍ وَعَنْ قَيْسِ بْنِ مُسْلِمٍ عَنْ طَارِقِ بْنِ شِهَابٍ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: أَخْرَجَ مَرْوَانُ الْمِنْبَرَ فِي وَعَنْ قَيْسِ بْنِ مُسْلِمٍ عَنْ طَارِق بْنِ شِهَابٍ عَنْ أَبِي سَعِيدٍ قَالَ: أَخْرَجَ مَرْوَانُ الْمِنْبَرَ فِي يَوْمٍ عِيدٍ وَبَدَأً بِالْخُطْبَةِ قَبْلَ الصَّلَاةِ وَلَمْ يَكُنْ يُخْرَجُ وبدأت بِالْخُطْبَةِ قَبْلَ الصَّلَاةِ وَلَمْ يَكُنْ يُخْرَجُ وبدأت بِالْخُطْبَةِ قَبْلَ الصَّلَاةِ وَلَمْ يَكُنْ يُبْدَأُ بِهَا فَقَالَ الْمِنْبَرَ فِي يَوْمٍ عِيدٍ وَلَمْ يَكُنْ يُخْرَجُ وبدأت بِالْخُطْبَةِ قَبْلَ الصَّلَاةِ وَلَمْ يَكُنْ يُبْدَأُ بِهَا فَقَالَ الْمِنْبَرَ فِي يَوْمٍ عِيدٍ وَلَمْ يَكُنْ يُخْرَجُ وبدأت بِالْخُطْبَةِ قَبْلَ الصَّلَاةِ وَلَمْ يَكُنْ يُبْدَأُ بِهَا فَقَالَ الْمُنْبَرَ فِي يَوْمٍ عِيدٍ مَنْ هَذَا؟ قَالُوا فُلَانُ بْنُ فُلَانٍ قَالَ أَبُو سَعِيدٍ: أَمَّا هَذَا فَقَدْ قَضَى مَا عَلَيْهِ وَسَلَمْ يَقُولُ: (مَنْ رَأَى مِنْكُمْ مُنْكَرًا وَلَا السَّعَلِةُ فَيْلِسَانِهِ فَإِنْ لَمْ يَسْمَعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (مَنْ رَأَى مِنْكُمْ مُنْكُرًا فَيْعِيرِهُ بَيْدِهِ فَإِلْسَانِهِ فَإِنْ لَمْ يَسْتَطِعْ فبقلبه وذلك أضعف الإيمان.)

الراوي: طارق بن شِهَابٍ الْأَحْمَسِيّ | المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 307 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩০৭. আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, ঈদের দিন মারওয়ান মিম্বার নিয়ে আসেন এবং সালাত আদায় করার আগে খুতবা দেওয়া শুরু করেন। তখন এক ব্যক্তি দাঁড়িয়ে যান এবং বলেন: "হে মারওয়ান, আপনি সুন্নাহ বিরোধী কাজ করছেন; আপনি ঈদের দিন মিম্বার নিয়ে এসেছেন অথচ ইতিপূর্বে মিম্বার আনা হতো না, আপনি সালাত আদায় করার পূর্বে খুতবা দিচ্ছেন অথচ খুতবা আগে দেওয়া হতো না।" তখন আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "এই ব্যক্তি কে?" তখন লোকজন বললেন: "ওমুকের



ছেলে ওমুক।" আবু সা'ঈদ আল খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু বলেন: "এই ব্যক্তি, তাঁর উপর যে দায়িত্ব ছিল, তা তিনি আদায় করেছেন।"

রাবী ইসহাক আরেকটু বৃদ্ধি করেছেন, তিনি বলেন: "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন: "যে ব্যক্তি কোন মন্দ কাজ দেখবে, সে যেন তা হাত দ্বারা প্রতিহত করে, যদি সে না পারে, তবে যেন জবান দ্বারা প্রতিবাদ করে, সেটাও যদি না পারে তাহলে অন্তর দ্বারা। এটা সবচেয়ে দুর্বল ঈমান।"[1]

ফুটনোট

[1] আবু দাউদ: ৪৩৪; মুসনাদ আহমাদ: ৩/১০; সহীহ মুসলিম: ৪৯, ৭৯; ইবনু মাজাহ: ১২৭৫; সুনানু বাইহাকী: ১০/৯০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১০৩৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ সা'ঈদ খুদরী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন